



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৩

২৯ এপ্রিল ২০২৬
তারিখ: -----
১৬ বৈশাখ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকিং প্রফেশনাল এক্সাম প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০২ তারিখ: ১৬ জানুয়ারি ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে মৌলিক ব্যাংকিং জ্ঞান সম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরী করার লক্ষ্যে ব্যাংক কর্মকর্তাদের পদোন্নতিতে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম সংক্রান্ত বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে, ব্যাংকিং খাতে দক্ষ মানবসম্পদের পেশাগত গতিশীলতা বজায় রাখার নিমিত্ত উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-২(গ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“২(গ) ০১ জানুয়ারি ২০২৬ তারিখ হতে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি হতে কোনো কর্মকর্তা অন্য কোনো ব্যাংকে অপেক্ষাকৃত উচ্চতর পদে নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ হতে হবে। তবে, সিনিয়র অফিসার অথবা সমমানের পদে যোগদানের কিংবা উক্ত পদে পদোন্নতি প্রাপ্তির পর ১৫ বছর অতিক্রান্ত হয়েছে এরূপ কর্মকর্তার ক্ষেত্রে ব্যাংকিং অভিজ্ঞতা বিবেচনায় অন্য কোনো ব্যাংকে নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ হওয়ার বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।”

- ৩। এতদ্ব্যতীত, সূত্রোক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২